

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشَّدَّةِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِرَاهِيمَ، حَدَّثَنَا أَبُو عَقِيلٍ، حَدَّثَنَا سَعِيدُ الْجُرَيْرِيُّ، عَنْ أَبِي نَضْرَةَ قَالَ: لَمَّا قَدِمَ أَبُو سَلَمَةَ الْبَصْرَةَ، أَتَيْتُهُ أَنَا وَالْحَسَنُ فَقَالَ لِلْحَسَنِ: أَنْتَ الْحَسَنُ؟ «مَا كَانَ أَحَدٌ بِالْبَصْرَةِ أَحَبَّ إِلَيَّ لِقَاءٍ مِنْكَ، وَذَلِكَ أَنَّهُ بَلَغَنِي أَنَّكَ تُفْتِي بِرَأْيِكَ، فَلَا تُفْتِي بِرَأْيِكَ إِلَّا أَنْ تَكُونَ سُنَّةً عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ كِتَابٌ مُنْزَلٌ

رجاله ثقات غير أن أبا عقيل بشير بن عقبة لم يذكر فيمن سمعوا سعيد بن إياس الجريري قبل الاختلاط

বাংলা

১৬৫, আবু নাদরাহ্ বলেন, আবু সালামাহ রাহিয়াল্লাহু আনহু যখন বসরায় এলেন, তখন আমি এবং হাসান তাঁর নিকট এলাম। তিনি হাসানকে বললেন, তুমিই হাসান? বসরায় এমন কোন ব্যক্তি নেই, যার সাথে সাক্ষাৎ করা আমার নিকট তোমার সাথে সাক্ষাৎ অপেক্ষা অধিক প্রিয়। এর কারণ হল, আমার নিকট এ সংবাদ পৌঁছেছে যে, তুমি তোমার আপন রায় (মতামত) দ্বারা ফাতওয়া প্রদান কর। (শোনো), নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহ কিংবা (আল্লাহর) নাযিলকৃত কিতাবের দলীল ব্যতীত তুমি কখনো তোমার নিজের রায় দ্বারা ফতওয়া দিও না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ নির্ভরযোগ্য। তবে সাঈদ ইবনু ইয়াস হতে যারা তার স্মৃতি গোলমাল হয়ে যাওয়ার পূর্বে শুনেছেন বলে বর্ণিত আছে, আবু উকাইল বাশীর ইবনু উকবাহকে তাদের মধ্যে উল্লেখ করা হয় না।

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ নং ১০৭১; সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69476>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন